গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
সাধারণ শাখা
www.moulvibazar.gov.bd



## জেলা উন্নয়ন সমন্বয় কমিটির আগস্ট, ২০২৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : তৌহিদুজ্জামান পাভেল, জেলা প্রশাসক, মৌলভীবাজার

সভার তারিখ : ১৬.০৮.২০২৬ খ্রি.
সময় : সকাল ১০:৩০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
উপস্থিতি : পরিশিষ্ট-'ক' (উপস্থিত সদস্যবৃন্দ), পরিশিষ্ট-'খ' (উপস্থিত প্রতিনিধিবৃন্দ), পরিশিষ্ট-'গ' (অনুপস্থিত সদস্যবৃন্দ)

সভাপতি কর্তৃক সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বিগত ১৯.০৭.২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন পরিবর্তন না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর জুলাই, ২০২৬ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, বিভিন্ন সরকারি দপ্তর/বিভাগের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | **গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>জুলাই, ২০২৬ মাসের জেলা উন্নয়ন সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:<br>সভার তারিখ: ১৯.০৭.২০২৬ খ্রি.; সিদ্ধান্তের সংখ্যা: ৭৮; সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা: ৭৩; সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার: ৯৩.৫৮% | জুলাই, ২০২৬ মাসে গৃহীত ৭৮টি সিদ্ধান্তের মধ্যে ৭৩টি বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান |
| | **পুলিশ বিভাগ, মৌলভীবাজার:** | | |
| ০১ | পুলিশ সুপার, মৌলভীবাজার জানান, জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। অপরাধ প্রতিরোধে জেলা পুলিশ তৎপর রয়েছে। থানা পুলিশের সাথে সমন্বয় করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। যানজট নিরসনের লক্ষ্যে গাড়ি পার্কিং-এ সতর্কতা অবলম্বনের জন্য ট্রাফিক বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | কিশোর গ্যাং প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে। | পুলিশ সুপার মৌলভীবাজার |
| | **জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই), মৌলভীবাজার :** | | |
| ০২ | যুগ্মপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) এর প্রতিনিধি সহকারী পরিচালক, এনএসআই, মৌলভীবাজার জানান এ বিভাগ কর্তৃক সার্বক্ষণিক গোয়েন্দা নজরদারি অব্যাহত আছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জেলা ও উপজেলায় গোয়েন্দা নজরদারি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মপরিচালক (এনএসআই), মৌলভীবাজার। |
| | **বাংলাদেশ আনসার ও ভিডিপি, মৌলভীবাজার :** | | |
| ০৩ | জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, মৌলভীবাজার জানান, মৌলভীবাজার জেলায় বিভিন্ন সরকারি ও বেসরকারি গুরুত্বপূর্ণ কেপিআই ও সংস্থায় মোট ৪৯৪ জন আনসার ও ভিডিপি সদস্য মোতায়েন রয়েছে; যারা উক্ত সংস্থাসমূহের অভ্যন্তরীণ নিরাপত্তাসহ দেশের জাতীয় সম্পদ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কমান্ড্যান্ট / উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কর্তৃক নিয়মিত কেপিআইভুক্ত আনসার গার্ডসমূহ পরিদর্শন পূর্বক কেপিআই এর নিরাপত্তা ব্যবস্থা জোরদার | জেলার সরকারি ও বেসরকারি গুরুত্বপূর্ণ কেপিআইভুক্ত প্রতিষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা জোরদার কার্যক্রম নিশ্চিত করতে হবে। | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| | এবং স্থাপনার সুরক্ষায় তৎপর থাকার জন্য আনসার সদস্যদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। সে অনুযায়ী অঙ্গীভুত আনসার সদস্যগণ সার্বক্ষণিক তৎপর থেকে নিরাপত্তার দায়িত্ব পালন করছেন। | | |
| | **জেলা কারাগার, মৌলভীবাজার :** | | |
| ০৪ | জেল সুপার, জেলা কারাগার, মৌলভীবাজার জানান জেলা কারাগারের নতুন অধিগ্রহণকৃত ভূমির সীমানা প্রাচীর নির্মাণ কাজ ৮৫% সম্পন্ন হয়েছে। বন্দিদের পানির চাহিদা পূরণের জন্য ইতোমধ্যে ০১টি ডিপ টিউবওয়েল স্থাপনের কাজ প্রায় ৬০% সম্পন্ন হয়েছে। বন্দি ব্যারাকসমূহের (সুরমা, কুশিয়ারা ও মনু) সেফটিক ট্যাংক নির্মাণসহ পয়:নিস্কাশন লাইন মেরামত কাজ ৯০% সম্পন্ন হয়েছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বন্দিদের নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | জেল সুপার জেলা কারাগার মৌলভীবাজার |
| | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মৌলভীবাজার :** | | |
| ০৫ | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মৌলভীবাজার জানান ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, মৌলভীবাজারসহ জেলা ও উপজেলাধীন সকল স্টেশনের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়াও অগ্নিকান্ড ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সকল প্রতিষ্ঠানে প্রশিক্ষণ ও নিয়মিত মহড়া কার্যক্রম অব্যাহত আছে। | অগ্নিকান্ড ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সকল প্রতিষ্ঠানে প্রশিক্ষণ ও নিয়মিত মহড়া কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মৌলভীবাজার |
| | **জেলা পরিষদ, মৌলভীবাজার :** | | |
| ০৬ | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার-কে নিয়মিত সভায় উপস্থিত থাকতে বলা হল। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ , মৌলভীবাজার |
| | **উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার :** | | |
| ০৭ | উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার জানান স্থানীয় সরকার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রমাপ অর্জন করতে হবে। | উপপরিচালক স্থানীয় সরকার মৌলভীবাজার। |
| | **সিভিল সার্জন, মৌলভীবাজার :** | | |
| ০৮ | সিভিল সার্জন, মৌলভীবাজার এর প্রতিনিধি জানান জুলাই, ২০২৬ মাসে উপজেলা হাসপাতালে বহিঃ বিভাগে সেবা গ্রহণকারীর সংখ্যা ৬৪,৪৫০ জন, জরুরী বিভাগে সেবা গ্রহণকারীর সংখ্যা ১৭৭৭২ জন এবং কমিউনিটি ক্লিনিকসমূহে সেবা গ্রহীতার সংখ্যা ৭৭৬৭৯ জন। তিনি আরো বলেন অত্র জেলার সকল সরকারি হাসপাতাল ও কমিউনিটি ক্লিনিকে আগত রোগীর মানসম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিত করাসহ হাম ও ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনামূলক কার্যক্রম বৃদ্ধির জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। স্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সদর হাসপাতাল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র এবং কমিউনিটি ক্লিনিকগুলোর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও তদারকি অব্যাহত রাখতে হবে। | সিভিল সার্জন মৌলভীবাজার। |
| | **তত্ত্বাবধায়ক (উপপরিচালক), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মৌলভীবাজার :** | | |
| ০৯ | তত্ত্বাবধায়ক (উপ-পরিচালক), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মৌলভীবাজার জানান, হাসপাতালের সার্বিক সেবা ও প্রতিটি বিভাগের নিজস্ব কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে সর্বদা মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। ডেঙ্গু ও হাম প্রতিরোধে সকল প্রস্তুতি চলমান আছে। মৌলভীবাজার পৌরসভা কর্তৃক হাসপাতালের আউটডোর ও ইনডোরে নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত আছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হাসপাতালে আগত রোগীদের সেবার মান বৃদ্ধিতে তদারকি জোরদার করতে হবে। | তত্ত্বাবধায়ক (উপপরিচালক), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল |
| | **কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার :** | | |
| ১০ | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার জানান ২০২৬-২০২৭ অর্থবছরে আউশ আবাদের লক্ষ্যমাত্রা ৩৮৫০০ হেক্টর এবং উৎপাদন লক্ষ্যমাত্রা ১১১১০১ মে.টন। আউশ আবাদ সম্পন্ন হয়েছে ৩৮৫৩০ হেক্টর। | | |

| | | | |
|---|---|---|---|
| | **কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার :** | | |
| ১০ | আউশ আবাদ সম্পন্ন হয়েছে ৩৮৫৩০ হেক্টর। আউশের কর্তন শুরু হয়েছে। তাছাড়া ২০২৬-২০২৭ অর্থবছরে খরিপ-২ মৌসুমে রোপাআমন আবাদের লক্ষ্যমাত্রা ৯৮০৩৫ হেক্টর এবং উৎপাদন লক্ষমাত্রা ২৯০৫৩০ মে.টন। আবাদ ৩৭১৪৭ হেক্টর।<br><br>২০২৬-২০২৭ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে খরিপ-২ মৌসুমে উফশী রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ২২০০০ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বীজ ও সার বিতরণ করা হয়েছে এবং গ্রীষ্মকালীন (উফশী ও হাইব্রিড) শাকসবজি উৎপাদনের লক্ষ্যে ৪০০০ জন কৃষকের মাঝে বীজ ও সার (ডিএপি) বিতরণ করা হয়েছে। ২০২৬-২০২৭ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে সাম্প্রতিক বন্যায় রোপা আমন বীজতলা স্থাপনকারী ক্ষতিগ্রস্থ ১৩৬৫ জন কৃষকের মাঝে বিনামূল্যে উফশী রোপা আমন জাতের বীজ বিতরণ করা হয়েছে। তাছাড়া ২০২৬-২০২৭ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা বৃক্ষ রোপনের লক্ষ্যে ১২২০০ টি গাছের চারা এবং লেবু উৎপাদনের লক্ষ্যে ৪০০ জন কৃষকের মাঝে চারা ও গোবর সার বিতরণ করা হয়েছে। কার্যক্রম চলমান আছে।<br><br>সরকারি নির্দেশনা মোতাবেক মৌলভীবাজার জেলায় প্রতি উপজেলায় ০১ টি করে ব্লকে এবং পরবর্তীতে আরোও ০১টি করে প্রতি ব্লকে কৃষক কার্ডের পাইলটিং কার্যক্রম চলমান আছে।<br><br>এ জেলার সার সরবরাহ ও মূল্য পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আগস্ট, ২০২৬ মাসে মৌলভীবাজার জেলার জন্য ইউরিয়া ১৯১০ মে.টন, টিএসপি ৩৮৮ মে.টন, ডিএপি ৭৬৮ মে.টন এবং এমওপি ৪৩৬ মে.টন সারের বরাদ্দ পাওয়া গিয়েছে। নিয়মানুযায়ী ইউরিয়া ও নন্ ইউরিয়া সার উপজেলাতে বরাদ্দ দেয়া হয়েছে। | ১. লক্ষ্যমাত্রা অনুযায়ী রোপাআমন আবাদের কার্যকম নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br><br>২. ২০২৬-২০২৭ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে চলমান কার্যক্রম মনিটরিং নিশ্চিত করতে হবে।<br><br>৩. জেলা ও উপজেলা পর্যায়ে সার বিতরণ, উত্তোলন, ডিলার কর্তৃক সার সরবরাহ তদারকি/মনিটরিং কার্যক্রম নিশ্চিত করতে হবে। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার |
| | **মৎস্য বিভাগ, মৌলভীবাজার :** | | |
| ১১ | জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার জানান, জেলায় ৬০৪ জনকে মৎস্যজীবিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং অভয়াশ্রম ব্যবস্থাপনা ১০টি। তাছাড়া মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে মোবাইল কোর্টের মাধ্যমে নিষিদ্ধকালীন সময় (০১-৩০ জুন ২০২৬) ২,৪৫,০০০/-টাকা জরিমানা আদায় করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাছ চাষিদের আধুনিক মৎস্য চাষ পদ্ধতি, মাছের রোগ প্রতিকার এবং ব্যবস্থাপনা বিষয়ে কারিগরি পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার |
| | **জেলা প্রাণিসম্পদ বিভাগ, মৌলভীবাজার:** | | |
| ১২ | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মৌলভীবাজার জানান জুলাই, ২০২৬ খ্রি. মাসে মোবাইল অভিযান কোর্ট পরিচালনা করা হয়নি। গবাদিপশু ও হাঁস-মুরগির বিভিন্ন ধরণের রোগের প্রাদুর্ভাব পরীক্ষা, স্যাম্পল টেস্ট বা রোগ অনুসন্ধানের জন্য ৫০টি রক্ত ও মাংসের নমুনা আঞ্চলিক প্রাণিরোগ অনুসন্ধান গবেষণাগার, সিলেট এ প্রেরণ করা। ০৬টি মেডিক্যাল ক্যাম্প পরিচালনা করা হয়েছে। ৭০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নিয়মিতভাবে গবাদিপশু ও হাঁস-মুরগীর টিকা ও চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। | গবাদিপশু, হাঁস-মুরগি এবং অন্যান্য প্রাণীর স্বাস্থ্য ও উৎপাদনশীলতা বৃদ্ধি করে নিরাপদ প্রাণিজ আমিষের সরবরাহ নিশ্চিত করতে হবে। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মৌলভীবাজার |
| | **গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার :** | | |
| ১৩ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার জানান অত্র বিভাগের জরুরি উন্নয়নমূলক কার্যক্রম যথারীতি চলমান আছে। জেলা কারাগারের সীমানা প্রাচীরের কাজে বরাদ্দ না থাকায় ধীর গতিতে চলছে। অন্যান্য কাজসমূহ চলমান রয়েছে। কমলগঞ্জ, রাজনগর, বড়লেখা ও মৌলভীবাজার জেলা মডেল মসজিদের নির্মাণ কাজ সমাপ্ত ও হস্তান্তরিত হয়েছে। কুলাউড়া উপজেলা মডেল মসজিদের কাজ সমাপ্ত এবং হস্তান্তর প্রক্রিয়াধীন। শ্রীমঙ্গল উপজেলা মডেল মসজিদের স্থান নির্বাচনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে। | ২০২৬-২০২৭ অর্থবছরের বরাদ্দ চেয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার |
| | **সড়ক ও জনপথ বিভাগ, মৌলভীবাজার :** | | |
| ১৪ | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মৌলভীবাজার জানান সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন গৃহীত কর্মসূচি অনুযায়ী সড়কসমূহের সংস্কার কার্যক্রম চলমান রয়েছে। স্বল্পমেয়াদি কার্যক্রম সম্পন্ন হয়েছে, দীর্ঘমেয়াদি কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | ক্ষতিগ্রস্থ রাস্তাঘাটের মেরামত/সংস্কার কাজ নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ মৌলভীবাজার। |

| | | | |
|---|---|---|---|
| | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), মৌলভীবাজার :** | | |
| ১৫ | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার জানান ২০২৪-২০২৫ অর্থবছরের 'গ্রামীণ সড়ক' মেরামত ও সংরক্ষণ এর আওতায় ৩৬টি প্যাকেজের মধ্যে ৩৫টি প্যাকেজের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে; অবশিষ্ট ১টি প্যাকেজের কাজ চলমান রয়েছে এবং ২০২৫-২০২৬ অর্থবছরে ৫২টি প্যাকেজের মধ্যে ৩৪টি প্যাকেজের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে; অবশিষ্ট ১৮টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। ২০২৬-২০২৭ অর্থবছরের নতুন স্কিমের প্রাক্কলন প্রস্তুতের কাজ চলছে। জেলার ক্ষতিগ্রস্ত সকল সড়ক চলাচল উপযোগী রাখতে সার্বক্ষণিক মোবাইল মেইনটেনেন্স টিম কাজ করছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ২০২৫-২০২৬ অর্থবছরের অবশিষ্ট প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে এবং ২০২৬-২০২৭ অর্থবছরের নতুন স্কীমের প্রাক্কলন অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার |
| | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার :** | | |
| ১৬ | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার জানান মৌলভীবাজার জেলায় ২০২৬-২০২৭ অর্থবছরে ০৫টি উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান গ্রামীণ স্যানিটেশন প্রকল্পের আওতায় প্রতিটি উপজেলায় ৪টি করে মোট ২৮টি কমিউনিটি টয়লেটের বরাদ্দ পাওয়া গিয়েছে। ২৮টি কমিউনিটি টয়লেটের সাইট তালিকা ইতোমধ্যে প্রতিটি উপজেলা হতে যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত করা হয়েছে যাহা প্রকল্প কার্যালয় কর্তৃক অনুমোদন হয়েছে। তাছাড়া এ প্রকল্পের আওতায় ডিপিপি অনুসারে মৌলভীবাজার জেলার ৫টি উপজেলায় (মৌলভীবাজার সদর ও রাজনগর উপজেলা ব্যতিরেকে) শ্রীমঙ্গল, কমলগঞ্জ, কুলাউড়া, জুড়ী ও বড়লেখা উপজেলায় ৪৭টি ইউনিয়নে ২৩৫০টি ইম্পুভড ল্যাট্রিন (টুইন-পিট অফসেট ল্যাট্রিন) এর বরাদ্দ পাওয়া গিয়েছে এবং মাঠ পর্যায়ে সাইট তালিকা প্রস্তুত কাজ চলমান রয়েছে। | চলমান প্রকল্পের কার্যক্রম নিয়মিত মনিটরিং/তদারকি অব্যাহত রাখতে হবে। তাছাড়া মাঠ পর্যায়ে সাইট তালিকা প্রস্তুত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মৌলভীবাজার। |
| | **শিক্ষা প্রকৌশল বিভাগ, মৌলভীবাজার :** | | |
| ১৭ | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার জানান ১০০টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় রাজনগর উপজেলায় রাজনগর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর নির্মাণ কাজ প্রায় শেষ, সাব স্টেশন স্থাপন এর কাজ চলমান এবং কাজটির বর্তমান অগ্রগতি ৯২%। নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় বিভিন্ন উপজেলায় ০৯টি শিক্ষা প্রতিষ্ঠানে (মাদ্রাসার) একাডেমিক ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। কাজের সর্বমোট অগ্রগতি ৯৩%। তাছাড়া অন্যান্য প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। | রাজনগর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সাব স্টেশন স্থাপনের কাজ দ্রুত শেষ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার |
| | **স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার :** | | |
| ১৮ | নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), মৌলভীবাজার এর প্রতিনিধি সহকারী প্রকৌশলী জানান স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা বিভাগ এবং স্বাস্থ্য সেবা বিভাগের ২০২৬-২০২৭ অর্থবছরের মেরামত কাজের প্রাক্কলন সংশ্লিষ্ট কমিটির স্বাক্ষর সমেত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তাছাড়া বিশ্বব্যাংকের অর্থায়নে "Priority Activities of Health and Nutrition Services Improvement and System Strengthening Project" শীর্ষক প্রকল্পের আওতায় জুড়ি ও বড়লেখা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মেরামত কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে ২০২৬-২০২৭ অর্থবছরের মেরামত কাজের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মৌলভীবাজার |
| | **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার :** | | |
| ১৯ | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার সভায় জানান রাজনগর ও কমলগঞ্জ উপজেলার ক্ষতিগ্রস্ত বাঁধ নির্মাণ কাজ চলছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক্ষতিগ্রস্থ বাঁধ নির্মাণ কাজ গুনগত মান বজায় রেখে দ্রুত শেষ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| ২০ | **বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার :** | | |
| | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের কার্যক্রম চলমান আছে। বিশেষ করে পৌরসভার বকেয়া পরিশোধের জন্য সকল প্রশাসকগণকে অনুরোধ জানান। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২৫-২০২৬ অর্থবছরের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. প্রশাসক, মৌলভীবাজার/কুলাউড়া /বড়লেখা/কমলগঞ্জ/ শ্রীমঙ্গল পৌরসভা, মৌলভীবাজার<br><br>২. নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, মৌলভীবাজার |
| ২১ | **গ্রীড সংরক্ষণ বিভাগ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার :** | | |
| | নির্বাহী প্রকৌশলী, গ্রীড সংরক্ষণ বিভাগ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি। | নির্বাহী প্রকৌশলী, গ্রীড সংরক্ষণ বিভাগ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার-কে সভায় নিয়মিত উপস্থিত থাকতে বলা হলো। | নির্বাহী প্রকৌশলী, গ্রীড সংরক্ষণ বিভাগ শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ২২ | **সিনিয়র জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার :** | | |
| | সিনিয়র জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান বর্তমানে বিরাজমান বৈশ্বিক গ্যাস সংকটের কারণে প্রয়োজনের তুলনায় দেশে বিদ্যুৎ সরবরাহের ঘাটতি থাকায় এনএলডিসি কর্তৃক সারাদেশে লোডশেডিং করা হচ্ছে। ফলে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন সকল উপজেলায় গ্রীড উপকেন্দ্র এবং সমিতির উপকেন্দ্রসমূহে রোস্টারভিত্তিক পর্যায়ক্রমে দায়িত্ব বন্টন করা হয়েছে এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সরকারি, স্বায়ত্বশাসিত ও অধিদপ্তরসমূহে জুলাই, ২০২৬ খ্রি. পর্যন্ত বিদ্যুৎ বিল বাবদ অত্র অফিসের প্রায় ২,০৭,১৬,৯২৫.০০ (দুই কোটি সাত লক্ষ ষোল হাজার নয়শত পঁচিশ) টাকা বকেয়া পাওনা রয়েছে। উক্ত বকেয়ার টাকা দ্রুত পরিশোধের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান। তাছাড়া জুলাই, ২০২৬ পর্যন্ত অত্র পবিস এর আওতাধীন শ্রীমঙ্গল পৌরসভায় ২৫,৮৯,৩৪০.০০ টাকা, মৌলভীবাজার পৌরসভায় ১১,০০,৪৯৬.০০ টাকা, কমলগঞ্জ পৌরসভায় ১৭,০৪,২৭১.০০ টাকা ও বড়লেখা পৌরসভায় ২,৪০,২৮৪. ০০ টাকা। সর্বমোট বকেয়া বিদ্যুৎ বিলের পরিমাণ ৫৬,৩৪,৩৯১.০০ টাকা। | গ্রামীণ ও জনবহুল এলাকায় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে এবং বিতরণ লাইন রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ২৩ | **সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার :** | | |
| | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার জানান অত্র জেলায় ২০২৫-২০২৬ অর্থবছরে চা শ্রমিকদের জীবনমান উন্নয়নে টেকসই আবাসন নির্মাণের জন্য ৪৯টি আবাসনের বরাদ্দ পাওয়া গেছে। সকল উপজেলায় আবাসন বিভাজন পূর্বক বরাদ্দের চেক প্রেরণ করা হয়েছে। প্রাক্কলন প্রস্তুতের জন্য বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকায় পত্র প্রেরণ প্রক্রিয়াধীন। সকল ভাতার অনলাইন আবেদনের সময় ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে। সরকারি শিশু পরিবার (বালিকা), শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর নতুন ভবনের নির্মান কাজ চলমান আছে। তাছাড়া সরকারি শিশু পরিবার (বালিকা), শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর পুরাতন ভবন অপসারনের জন্য প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান আছে। অন্যান্য কার্যক্রম অব্যাহত আছে। | সরকারি শিশু পরিবার (বালিকা) শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর পুরাতন ভবন অপসারণের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার। |

| | | | |
|---|---|---|---|
| | **পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মৌলভীবাজার :** | | |
| ২৪ | উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মৌলভীবাজার জানান মাঠ পরিদর্শনের কাজ যথানিয়মে তদারকি ও বাস্তবায়ন হচ্ছে। মা ও শিশু স্বাস্থ্যসেবা কার্যক্রম আরো জোরদারকরণের ব্যাপারে নির্দেশনা প্রদান করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | জেলা ও উপজেলা পর্যায়ে সদর ক্লিনিক, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, স্যাটেলাইট ক্লিনিক ও কমিউনিটি ক্লিনিকগুলোর কার্যক্রম নিয়মিতভাবে তদারকি ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মৌলভীবাজার |
| | **বাংলাদেশ মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৌলভীবাজার :** | | |
| ২৫ | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৌলভীবাজার সভায় জানান এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কৃষক ও বাগান মালিকদের জমির মাটির নমুনা পরীক্ষা করে জমিতে সুষম সার ব্যবহারের সঠিক মাত্রা সম্পর্কে পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট |
| | **বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) (বীজ বিপণন), মৌলভীবাজার :** | | |
| ২৬ | উপপরিচালক, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) (বীজ বিপণন), সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি। | উপপরিচালক, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) (বীজ বিপণন), মৌলভীবাজার-কে সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | উপপরিচালক, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) (বীজ বিপণন), মৌলভীবাজার |
| | **আঞ্চলিক কৃষি গবেষণা ইনস্টিটিউট, মৌলভীবাজার :** | | |
| ২৭ | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, আকবরপুর, মৌলভীবাজার এর প্রতিনিধি জানান অত্র গবেষণা কেন্দ্রের বিদ্যমান সম্পত্তির মৌজার নাম সংশোধনে আকবরপুর-এর স্থলে মৌলভী চা বাগান হবে। এ সংশোধনীর জন্য জমির মূল্য হার নির্ধারণে এল এ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এ আবেদন করা হয়। এল এ শাখা থেকে জমির মূল্য হার নির্ধারণের জন্য জেলা রেজিস্ট্রার মৌলভীবাজার ও বিভাগীয় রেজিস্ট্রার কার্যালয়, সিলেট চিঠি মারফত তথ্য চাওয়া হয়। কিন্তু এখন পর্যন্ত এ সম্পর্কিত কোন তথ্য পাওয়া যায়নি। তাই বিষয়টি সমাধানের জন্য এল এ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার-এর সহযোগিতা প্রয়োজন।<br><br>গ্রীষ্মকালীন বিভিন্ন সবজি ও ফলের গবেষণা কার্যক্রম চলমান আছে। নার্সারিতে বিএআরআই উদ্ভাবিত জাতসহ অন্যান্য ফলজ গাছের চারা উৎপাদন কার্যক্রম চলমান রয়েছে এবং চারা বিক্রয়ের জন্য নার্সারি উন্মুক্ত রয়েছে। বৃক্ষ রোপন অভিযান ও জেলা বৃক্ষ মেলা/২০২৬ এ অত্র কেন্দ্রের পক্ষ থেকে মেলায় সক্রিয় অংশগ্রহণ ও স্টল স্থাপন করা হয়েছে। পাশাপাশি বিভিন্ন স্কুলের ৫০ জন ছাত্র/ছাত্রীর মাঝে বিভিন্ন ফলের চারা বিতরণের ব্যবস্থা করা হয়েছে। | ১. মৌলভী চা বাগান মৌজার জমির মূল্য হার নির্ধারণ দ্রুত নিশ্চিত করতে হবে।<br><br>২. ফলজ গাছের চারা উৎপাদন ও সরবরাহ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার<br><br>২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, মৌলভীবাজার |
| | **বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) (সেচ), মৌলভীবাজার :** | | |
| ২৮ | সহকারী প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি (সেচ), মৌলভীবাজার জানান, বিএডিসি'র বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম নিয়মিত মনিটরিং অব্যাহত রয়েছে। চলতি ২০২৬-২০২৭ অর্থবছরে খাল/ছড়া পুণঃখননের জন্য খালসমূহ পরিদর্শন অব্যাহত রয়েছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিএডিসি'র বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক (বিএডিসি) (সেচ) |

| | | | |
|---|---|---|---|
| ২৯ | **খাদ্য বিভাগ, মৌলভীবাজার :** | | |
| | জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার জানান অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৬ এর অধীনে জেলার অনুকুলে ধান, সিদ্ধ চাল এবং আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা অনুযায়ী জেলার বিভিন্ন এলএসডিতে ধান ও চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। সে প্রেক্ষিতে ১১.০৮.২০২৬ তারিখ পর্যন্ত ধান ৭০০২.৩২০ মে. টন, সিদ্ধ চাল ৫৪৮৬.০০০ মে.টন এবং আতপ চাল ৬২০৯.৮৫০ মে.টন সংগৃহীত হয়েছে। ধান ও চাল সংগ্রহের কার্যক্রম আগামী ৩১.০৮.২০২৬ তারিখ পর্যন্ত চলমান থাকবে। জেলায় বর্তমানে ১২৭০২.০০০ মে.টন চাল, ৭৯৩.০০০ মে.টন ধান এবং ৬২৭.০০০ মে.টন গমসহ সর্বমোট ১৪১২২ মে.টন খাদ্যশস্য মজুদ আছে। তাছাড়া জেলা ও উপজেলা পর্যায়ে ওএমএস কার্যক্রম চলমান আছে। | ১. জেলা ও উপজেলায় নিয়মিত খাদ্য গুদাম পরিদর্শন করতে হবে।<br><br>২. ডিলারের মাধ্যমে উপকারভোগীদের মাঝে আটা ও চাল বিতরণ কার্যক্রম মনিটরিং অব্যাহত রাখতে হবে। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার |
| ৩০ | **বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মৌলভীবাজার :** | | |
| | নিরাপদ খাদ্য অফিসার, মৌলভীবাজার জানান জুলাই, ২০২৬ মাসে হোটেল-রেস্তোরা, মিষ্টি-বেকারি, কাঁচাবাজার, পাইকারী বাজার, খুচরা বাজার ও খাদ্য কারখানা ইত্যাদি মনিটরিং করা হয় ১৫টি, মৌলভীবাজার সদর উপজেলায় অভিভাবকদের অংশগ্রহণে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনামূলক কর্মসূচি পালন করা হয় ০১টি, নিরাপদ খাদ্য বিষয়ক জনসচেতনতামূলক লিফলেট ও পোস্টার বিতরণ করা হয় ৬৫০টি, সদর উপজেলায় মিনিল্যাব এর মাধ্যমে নমুনা সংগ্রহ করা হয়েছে ২০টি এবং ভ্রাম্যমান ল্যাবরেটরির সাহায্যে নমুনা সংগ্রহ ও পরীক্ষা করা হয়েছে ১৫টি। জুলাই, ২০২৬ মাসে কোন মোবাইল কোর্ট পরিচালনা করা হয়নি। | নিরাপদ খাদ্য আইন অনুযায়ী হোটেল, রেস্তোরাঁ, বেকারি ও খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে নিয়মিত তদারকি এবং মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | নিরাপদ খাদ্য অফিসার, মৌলভীবাজার |
| ৩১ | **টিসিবি, আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার :** | | |
| | সহকারী পরিচালক (অফিস প্রধান), টিসিবি আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি। | সহকারী পরিচালক (অফিস প্রধান), টিসিবি আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার-কে সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | সহকারী পরিচালক, টিসিবি, আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার |
| ৩২ | **শুল্ক, আবগারি ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার :** | | |
| | সহকারী কমিশনার ও বিভাগীয় কর্মকর্তা, শুল্ক, আবগারি ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার এর প্রতিনিধি রাজস্ব কর্মকর্তা জানান এ বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারি রাজস্ব আদায়ে নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। | সহকারী কমিশনার ও বিভাগীয় কর্মকর্তা, শুল্ক, আবগারি ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার। |
| ৩৩ | **আয়কর বিভাগ, মৌলভীবাজার :** | | |
| | উপ-কর কমিশনার, আয়কর বিভাগ, মৌলভীবাজার সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি। | উপ-কর কমিশনার, আয়কর বিভাগ, মৌলভীবাজার-কে সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | উপ-কর কমিশনার, আয়কর বিভাগ মৌলভীবাজার। |
| ৩৪ | **জেলা শিক্ষা অফিস, মৌলভীবাজার :** | | |
| | জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার জানান প্রধানমন্ত্রী গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ এর বাস্তবায়ন সংক্রান্ত সিডিউল পরিবর্তিত হওয়ায় বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে দল গঠন কার্যক্রম চলমান রয়েছে। নতুন সিডিউল প্রাপ্তির পর উপজেলা ও জেলা পর্যায়ের কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করা হবে।<br><br>এসএসসি/দাখিল/এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০২৬ বর্তমান সরকারের অধীনে প্রথমবারের মতো সিসিটিভি ক্যামেরা স্থাপন করে সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। | এসএসসি/ দাখিল/ এসএসসি (জেকেশনাল)/ দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০২৬ পরীক্ষার ফলাফলে পাশের হার ৫০% এর নিচে ফলাফল অর্জনকারী প্রতিষ্ঠান প্রধানদের সমন্বয়ে | জেলা শিক্ষা অফিসার মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| | গত ১০.০৮.২০২৬ তারিখ ফলাফল প্রকাশিত হয়। প্রকাশিত ফলাফল পর্যালোচনা দেখা যায় যে, ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় মৌলভীবাজার জেলা থেকে ১৯৫টি শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। মোট পরীক্ষার্থী ছিল ১৯,৮৫৬ জন। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১১,১০৩ জন। মোট জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থী সংখ্যা ৭২৫ জন। পাশের হার ৫৫.৯২%। মৌলভীবাজার জেলার অবস্থান সিলেট শিক্ষা বোর্ডের অধীনে ০৪টি জেলার মধ্যে দ্বিতীয়।<br><br>উপজেলাভিত্তিক ফলাফল পর্যালোচনায় দেখা যায় যে, সর্বোচ্চ পাশের হার বড়লেখা উপজেলায় ৬০.০২% এবং সর্বনিম্ন পাশের হার কমলগঞ্জ উপজেলায় ৪৬.১২%। ১৯৫টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে শতভাগ ফলাফল অর্জনকারী প্রতিষ্ঠান সংখ্যা ০২টি (১) বাংলাদেশ এয়ার ফোর্স শাহীন কলেজ, কমলগঞ্জ। (২) ক্যামেলিয়া ডানকান ফাউন্ডেশন স্কুল, কুলাউড়া। একজনও পাশ করেনি এমন কোন প্রতিষ্ঠান নেই। তবে ৫০% এর নিচে ফলাফল অর্জনকারী প্রতিষ্ঠান সংখ্যা ১৯৫টি এর মধ্যে ৭৭টি। | শিক্ষার মান উন্নয়নে একটি পর্যালোচনা সভা আয়োজন করতে হবে। | |
| | **জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মৌলভীবাজার :** | | |
| ৩৫ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার জানান মৌলভীবাজার জেলায় প্রাথমিক বিদ্যালয়ের শূন্য পদে সহকারী শিক্ষক নিয়োগের জন্য নির্বাচিত ৩৬৫ জন প্রার্থীর মধ্যে ৩৪৭ জন ফিটনেস, ডোপটেস্ট, পুলিশ ভেরিফিকেশন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়েছেন। ৩৪৭ জন প্রার্থীর এসবি রিপোর্ট ও এনএসআই রিপোর্ট পাওয়া গিয়েছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে তাদের নামে নিয়োগপত্র ইস্যু করা হবে। তাছাড়া পরিদর্শন, মনিটরিং ও ফলোআপসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | ১. সহকারী শিক্ষক বদলী সংক্রান্ত উপজেলা পর্যায়ে কমিটি গঠন দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>২. সহকারী শিক্ষক নিয়োগের কার্যক্রম উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার |
| | **মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট :** | | |
| ৩৬ | অধ্যক্ষ, মৌলভীবাজার পলিটেকনিক্যাল ইনস্টিটিউট, জানান এ প্রতিষ্ঠানে কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি, ইলেকট্রনিক্স টেকনোলজি, রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং টেকনোলজি এবং ফুড টেকনোলজি এই ৪টি টেকনোলজি বিদ্যমান। চলতি সেমিস্টারে নিয়মিতভাবে ক্লাস টেস্ট, কুইজ টেস্ট, ব্যবহারিক পরীক্ষা ও এসাইনমেন্ট যথাযথভাবে অনুষ্ঠিত হচ্ছে। ইতোমধ্যে পর্বসমাপনী পরীক্ষার শেষে বর্তমানে ফরমফিলাপ চলমান রয়েছে। শিক্ষার্থীদের উপস্থিতি ৮০% এর উপরে। ক্লাশসমূহ যথাযথভাবে মনিটরিং কমিটির মাধ্যমে তদারকি কার্যক্রম অব্যাহত রয়েছে। নিরাপত্তার কার্যক্রম সিসি ক্যামেরার মাধ্যমে পর্যবেক্ষণ করা হচ্ছে। | ক্লাশসমূহ যথাযথভাবে মনিটরিং কমিটির মাধ্যমে তদারকি/ মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অধ্যক্ষ, মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট |
| | **টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মৌলভীবাজার :** | | |
| ৩৭ | অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মৌলভীবাজার সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি। | অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মৌলভীবাজার-কে আবশ্যিকভাবে সভায় নিয়মিত উপস্থিত থাকতে বলা হলো। | অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মৌলভীবাজার |
| | **মৌলভীবাজার কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মৌলভীবাজার :** | | |
| ৩৮ | অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মৌলভীবাজার জানান এ কেন্দ্রের আওতায় বিভিন্ন ট্রেড কোর্সে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণ প্রদান (ASSET Project বৃত্তিসহ ফ্রি কোর্স) কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য দাপ্তারিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে দেশের ভেতরে ও বাইরে কর্মসংস্থানের উপযোগী করে তোলার জন্য | অধ্যক্ষ, মৌলভীবাজার কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| | | বিভিন্ন ট্রেডে কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | |
| ৩৯ | **জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মৌলভীবাজার :** | | |
| | সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মৌলভীবাজার জানান, মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট ও মৌলভীবাজার কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন ট্রেডে কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। শিক্ষার্থীদের মূল্যায়ন কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। | এ কার্যালয়ের দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মৌলভীবাজার |
| ৪০ | **ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার :** | | |
| | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার জানান কমলগঞ্জ ও রাজনগর মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র বর্তমানে সর্বসাধারণের জন্য উন্মুক্ত এবং মসজিদ পরিচালনা কমিটি কর্তৃক পরিচালিত। বড়লেখা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র মসজিদ কমিটির নিকট হস্তান্তর করা হয়েছে। ইমাম, মুয়াজ্জিন ও খাদেম নিয়োগ প্রক্রিয়াধীন আছে। কুলাউড়া মডেল মসজিদ ও ইসলামিক কেন্দ্র এর সকল কাজ সম্পন্ন হয়েছে। ইমাম, মুয়াজ্জিন ও খাদেম নিয়োগ প্রক্রিয়াধীন আছে। মৌলভীবাজার সদর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের ৩য় তলার ছাদ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং অন্যান্য নির্মাণ কাজ চলমান। মৌলভীবাজার জেলার জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র বর্তমানে সর্বসাধারনের জন্য উন্মুক্ত করা হয়েছে এবং পেশ ইমাম, মুয়াজ্জিন ও খাদেম নিয়োগ দেওয়া হয়েছে। শ্রীমঙ্গল সদর উপজেলার মডেল মসজিদের স্থান নির্বাচন প্রক্রিয়া চলমান আছে। জুড়ি উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের নির্মাণ কাজ চলমান আছে। ২০২৫-২০২৬ অর্থবছরের কেন্দ্রীয় যাকাত তহবিল হতে নির্বাচিত ১৩ জন দু:স্থ পুরষ ও মহিলা এবং প্রতি উপজেলা হতে ০১ জন করে (১৩+৭) মোট ২০ জনের মধ্যে প্রাপ্ত ১,৪০,০০০/-টাকা যাকাত গ্রহীতাদের মাঝে বিতরণ করা হয়েছে। ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের মাধ্যমে জেলায় মোট ২,৭০,০০০/-টাকা সুদমুক্ত ঋণ প্রদান করা হয়েছে। মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা প্রকল্পের (৮ম পর্যায়) কার্যক্রম চলমান রয়েছে। ২০২৭ সালে সরকারিভাবে হজ্জে গমণেচ্ছুক যাত্রীদের প্রাক-নিবন্ধন ও প্রাথমিক নিবন্ধন চলমান রয়েছে। ২টি প্যাকেজ ঘোষণা করা হয়েছে। প্রথম প্যাকেজ : ৬,১৫,২৬৩/-টাকা এবং দ্বিতীয় প্যাকেজ : ৫,০৫,৬৪৮/-টাকা। | ২০২৭ সালে সরকারিভাবে হজে গমণেচ্ছুক প্রাক-নিবন্ধন ও প্রাথমিক নিবন্ধন কার্যক্রম বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার |
| ৪১ | **হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, মৌলভীবাজার :** | | |
| | সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়, জেলা কার্যালয়, মৌলভীবাজার জানান মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় পরিচালিত সকল শিক্ষাকেন্দ্র নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। তাছাড়া মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় পরিচালিত সকল শিক্ষাকেন্দ্র নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিতভাবে মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম পরিদর্শন/তদারকি অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকল্প পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, মৌলভীবাজার |
| ৪২ | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার :** | | |
| | উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার জানান প্রতিনিয়ত টাস্কফোর্স কার্যক্রমসহ মাদক বিরোধী অভিযান চলছে। জুলাই, ২০২৬ মাসে ১৮টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয় এবং একক, যৌথ ও টাস্কফোর্স অভিযানসহ মোট ৯১টি অভিযান পরিচালিত হয়। পাশাপাশি সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত আছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | জেলার বিভিন্ন এলাকায় গোয়েন্দা তথ্য সংগ্রহ করে মাদকবিরোধী অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| | **জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মৌলভীবাজার :** | | |
| ৪৩ | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মৌলভীবাজার জানান যে, জুলাই, ২০২৬ মাসের বাজার অভিযানের সংখ্যা ১২টি, বাজার অভিযানে দন্ডিত প্রতিষ্ঠানের সংখ্যা ২৮টি, বাজার অভিযানে জরিমানা ১,১৮,৫০০/-টাকা, ভোক্তা অভিযোগের প্রক্ষিতে জরিমানা ১৩,২০০/-টাকা, সরকারি কোষাগারে ১,২৮,৪০০/-টাকা জমা প্রদান করা হয়েছে। | দ্রব্যমূল্য স্বাভাবিক রাখার লক্ষ্যে নিয়মিত বাজার অভিযান অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মৌলভীবাজার |
| | **বিএসটিআই, মৌলভীবাজার :** | | |
| ৪৪ | সহকারী পরিচালক, বিএসটিআই, মৌলভীবাজার সভায় জানান জুলাই, ২০২৬ মাসে মৌলভীবাজার সদর ও কুলাউড়া উপজেলায় ০৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়। সার্ভিল্যান্স টিমের কার্যক্রমের আওতায় মৌলভীবাজার সদর, বড়লেখা ও শ্রীমঙ্গল উপজেলায় ০৪টি অভিযান পরিচালনা করা হয়। পণ্যের গুণগত মান যাচাই কার্যক্রমের আওতায় লাইসেন্স প্রদান/ নবায়নের নিমিত্তে পরীক্ষণের জন্য ১৬টি প্রতিষ্ঠান হতে ৪৬টি পণ্যের নমুনা সংগ্রহ করা হয়েছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পণ্যের গুনগত মান যাচাই কার্যক্রমের আওতায় লাইসেন্স প্রদান/নবায়ন ও নমুনা সংগ্রহকারী প্রতিষ্ঠানে নিয়মিত অভিযান অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, বিএসটিআই, মৌলভীবাজার |
| | **কৃষি বিপণন অধিদপ্তর, মৌলভীবাজার :** | | |
| ৪৫ | কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, মৌলভীবাজার জানান জুন, ২০২৬ মাসের জুলাই, ২০২৬ মাসে নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজারদর কিছুটা হ্রাস পেয়েছে। জুলাই, ২০২৬ মাসে মৌলভীবাজার জেলার বিভিন্ন বাজারে মোট ২২টি বাজার মনিটরিং করা হয়। তাছাড়া কৃষি বিপণন আইন-২০১৮ ও কৃষি বিপণন বিধিমালা-২০২১ অনুসারে বাজার মনিটরিং অব্যাহত আছে। | নিত্যপ্রয়োজনীয় ও কৃষিপণ্যের দৈনিক বাজারদর স্বাভাবিক রাখার লক্ষ্যে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে। | কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, মৌলভীবাজার |
| | **ঔষধ প্রশাসন অধিদপ্তর, মৌলভীবাজার :** | | |
| ৪৬ | ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, জেলা কার্যালয়, মৌলভীবাজার জানান আনরেজিস্টার্ড, নকল, ভেজাল, মেয়াদউত্তীর্ণ, ফিজিশিয়ান স্যাম্পল ফার্মেসিতে রাখা ও এন্টিবায়োটিক রেজিস্টার না রাখার জন্য ফার্মেসি মালিকদের বিরুদ্ধে জুলাই, ২০২৬ মাসে ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়। জুলাই, ২০২৬ মাসে মৌলভীবাজার জেলার বিভিন্ন উপজেলায় ১২৪টি ফার্মেসিতে নিয়মিত অভিযান পরিচালনা করে আনুমানিক ৭,৯০০/-টাকার ঔষধ জব্দ করা হয়েছে। ৯২টি ড্রাগ লাইসেন্স নবায়নের মাধ্যমে ১,২৮,৩০০/-টাকা রাজস্ব আদায় করা হয়েছে। ০১টি জনসচেতনতামূলক সভা আয়োজন করা হয়েছে। | নিয়মিত অভিযান পরিচালনা করে তদারকির মাধ্যমে সকল ফার্মেসির ঔষধের গুনগত মান নিশ্চিত করতে হবে। | ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মৌলভীবাজার |
| | **পরিবেশ অধিদপ্তর, মৌলভীবাজার :** | | |
| ৪৭ | সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, মৌলভীবাজার সভায় জানান এ কার্যালয়ে পরিদর্শক, নমুনা সংগ্রহকারী ও হিসাবরক্ষক পদ শূন্য রয়েছে। ফলে দাপ্তরিক কাজে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। তাছাড়া সরকারি যানবাহন সংকটের কারণে পরিদর্শন কাজ ধীর গতি তৈরি হচ্ছে। | পরিবেশ আইন অনুযায়ী নিয়মিত অভিযান অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর মৌলভীবাজার। |
| | **বন্য প্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সদর দপ্তর, মৌলভীবাজার :** | | |
| ৪৮ | বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সদর দপ্তর, মৌলভীবাজার সভায় জানান জুলাই, ২০২৬ মাসে মোট ২০টি অভিযান পরিচালনা করে ২০টি বন্যপ্রাণী উদ্ধার করে ১৪টি বন্যপ্রাণী অবমুক্ত করা হয়েছে। জানকীছড়া রেসকিউ সেন্টারে সেবা ও পরিচর্যার জন্য রাখা হয়েছে ৩ টি। বৃক্ষ রোপন অভিযান ও জেলা বৃক্ষ মেলা/২০২৬ উপলক্ষ্যে মেলায় সক্রিয় অংশগ্রহণ ও স্টল স্থাপন করা হয়েছে। বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের বিনামূল্যে ২০০টি চারা বিতরণ করা হয়। (আকবরপুর কৃষি গবেষণা ইনস্টিটিউট এবং নার্সারী মালিক সমিতির পক্ষ থেকে চারা গুলো বিনামূল্যে বিতরণ করা হয়েছে) | বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | বিভাগীয় বন কর্মকর্তা, বন্য প্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সদর দপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | **বন বিভাগ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার :** | | |
| ৪৯ | সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার জানান দেশীয় প্রজাতির চারা রোপনের মাধ্যমে কমলগঞ্জ ও কুলাউড়া রেঞ্জে মোট ৬৩.০ একর জায়গায় বাগান সৃজন কাজ সম্পন্ন করা হয়েছে। সরকার নির্ধারিত মূল্যে বিক্রয় ও বিতরণের জন্য মৌলভীবাজার সদর উপজেলায় ১০,০০০টি ও কুলাউড়া উপজেলায় ২০,০০০ টি চারা উত্তোলনের কাজ সম্পন্ন করা হয়েছে। ২০২৬-২০২৭ সনে বাগান সৃজনের নিমিত্তে শ্রীমঙ্গল উপজেলার মৌলভীবাজার রেঞ্জে ২৫.০ একর, জুড়ী রেঞ্জে ৭৫.০ একর ও বড়লেখা রেঞ্জে ৭৫.০ একর প্রাকৃতিক পুনরুৎপাদন সহায়ক বাগান এবং কমলগঞ্জ উপজেলার রাজকান্দি রেঞ্জে ২৫.০ একর ও কুলাউড়া রেঞ্জে ২৫.০ একর দেশীয় মিশ্র প্রজাতি দ্বারা বাগান সৃজনের জন্য নার্সারি উত্তোলনের কাজ সম্পন্ন করা হয়েছে। | সৃজিত বাগান নিয়মিত পরিচর্যা এবং উত্তোলনকৃত চারা দ্রুত রোপনের কাজ সম্পন্ন করতে হবে। | সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| | **প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, মৌলভীবাজার :** | | |
| ৫০ | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, মৌলভীবাজার জানান জুলাই, ২০২৬ মাসে ৬৪জন নতুন রোগীর নিবন্ধন করা হয় ও ১,৭৬২ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। 'মোবাইল থেরাপি ভ্যান ৩৮' এর মাধ্যমে জেলার প্রত্যন্ত অঞ্চলে প্রতিবন্ধী ব্যক্তিদের নানাবিধ সেবা প্রদান করা হচ্ছে। নিউরো ডেভেলপমেন্টাল ডিজেব্যালিটি কর্নারে অটিষ্টিকসহ (এনডিডি) শিশুরা প্রতিদিন সেবা নিচ্ছে। প্রতিদিন এ কেন্দ্রে গড়ে ৪৫-৫০ জন প্রতিবন্ধী ব্যক্তি ও বাত-ব্যাথার রোগীদের বিনামূল্যে ফিজিওথেরাপি চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। জুলাই, ২৬ মাসে কোন সহায়ক উপকরণ বিতরণ করা হয়নি। | "মোবাইল থেরাপি ভ্যান-৩৮" এর মাধ্যমে মৌলভীবাজার জেলার প্রত্যন্ত অঞ্চলে ভ্রাম্যমান ফিজিওথেরাপি ক্যাম্পেইন কার্যক্রম পরিচালনা করতে হবে। | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, মৌলভীবাজার |
| | **জেলা সমবায় বিভাগ, মৌলভীবাজার :** | | |
| ৫১ | জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার জানান নিরীক্ষা ফি (সরকারি রাজস্ব) গত মাস পর্যন্ত আদায় ৩৬৮২৭০/-টাকা, আদায়ের হার ১০০%। সমবায় উন্নয়ন তহবিল গত মাস পর্যন্ত আদায় ২৮০২০২/-টাকা, আদায়ের হার ১০০%। নিরীক্ষা কার্যক্রমের আওতায় নিরীক্ষাযোগ্য সমিতি (প্রাথমিক) ৬৮১টি ও (কেন্দ্রীয়) ১৫টি। মোট নিরীক্ষা সম্পাদন করা হয়েছে ৬৫৬টি। দুগ্ধ উৎপাদন প্রকল্পের আওতায় কুলাউড়া উপজেলায় ২টি সমবায় সমিতির ১০০ জন সদস্যদের মধ্যে ২,০০,০০,০০০/-টাকা ঋন বিতরণ করা হয়। ঋণ আদায় কার্যক্রম চলমান। | নিবন্ধিত সমবায় সমিতিগুলোর কার্যক্রম নিয়মিতভাবে তদারকি ও পরিদর্শন করতে হবে। | জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার |
| | **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), মৌলভীবাজার :** | | |
| ৫২ | উপপরিচালক, বিআরডিবি, মৌলভীবাজার জানান বিআরডিবির আওতায় ১০টি প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন ও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২৬-২০২৭ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম এবং গ্রামীণ আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ প্রশিক্ষণ প্রদান এবং জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ ছাড়াও বিভিন্ন সম্প্রসারণমূলক কর্মকান্ডে বিআরডিবির সম্পক্ততা রয়েছে। অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২০৯০.৪০ লক্ষ টাকা। ঋন বিতরণের পরিমাণ ১১৩.০৫ লক্ষ টাকা; বিতরণের হার ৫%। ঋণ আদায়ের লক্ষমাত্রা ১২৫০.৫৫ লক্ষ টাকা; তন্মধ্যে আদায় ১৩৮.৬৩ লক্ষ টাকা। আদায়ের হার ১১%। | প্রকল্প বাস্তবায়ন এবং সমিতি ভিত্তিক উন্নয়ন/ঋণ আদায় কার্যক্রম নিয়মিত তদারকি/মনিটরিং করতে হবে। | উপপরিচালক, বিআরডিবি, মৌলভীবাজার |
| | **যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার :** | | |
| ৫৩ | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার জানান যুবকদের দক্ষতা বৃদ্ধি ও উদ্যোক্তা সক্ষমতা উন্নয়নের জন্য বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কর্মসূচি অব্যাহত আছে। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে কার্যক্রম শুরু হয়নি। যুব উন্নয়ন অধিদপ্তর হতে ঋণ সহায়তার মাধ্যমে জুলাই, ২০২৬ মাসে আত্মকর্মী হয়েছে ২৫ জন, ব্যাংক বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণের মাধ্যমে আত্মকর্মী হয়েছেন ০১ জন এবং নিজস্ব অর্থায়নে আত্মকর্মী হয়েছেন ১১জনসহ মোট ৩৭জন। | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং আত্মকর্মসংস্থান ও ঋণ সহায়তা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| | ০৭ টি উপজেলা কার্যালয় হতে ঋণ কার্যক্রমের আওতায় চলতি জুলাই, ২০২৬ মাসে মোট ২৫জন উপকারভোগীর মধ্যে ৭,৫০,০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ৫৪ | **জেলা পরিসংখ্যান কার্যালয়, মৌলভীবাজার :**<br>উপ-পরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয়, মৌলভী বাজার জানান আগামী ২০-২৯ আগস্ট ২০২৬ নৌযান শুমারি অনুষ্ঠিত হবে। বিভিন্ন প্রধান-অপ্রধান ফসলের হিসাব প্রাক্কলনের কাজ চলমান রয়েছে। মূল্য ও মজুরি সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়নের লক্ষ্যে নির্ধারিত দরছকের মাধ্যমে (Price Schedule) তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম / জরিপ কাজ ক্যালেন্ডার অনুযায়ী চলমান আছে। | নৌযান শুমারির কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয় মৌলভীবাজার |
| ৫৫ | **জেলা তথ্য অফিস, মৌলভীবাজার :**<br>তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, মৌলভীবাজার জানান জুলাই, ২০২৬ মাসে দুর্নীতি প্রতিরোধ, মাদকের অপব্যবহার প্রতিরোধ, নিত্য প্রয়োজনীয় দ্রব্য সহনীয় রাখা, ডেঙ্গু প্রতিরোধ, নিরাপদ সড়ক ও জনগুরুত্বপূর্ণ বিষয়ে সড়ক প্রচার-প্রচারণা কার্যক্রম অব্যাহত আছে। বাল্যবিবাহ প্রতিরোধ, নারী নির্যাতন প্রতিরোধ, মাদকের অপব্যবহার, যৌতুক প্রতিরোধ, সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ, গুজব প্রতিরোধ ও বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও জনবহুল স্থানে প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়েছে ১১টি। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রচার-প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার |
| ৫৬ | **প্রধান ডাকঘর, মৌলভীবাজার :**<br>সহকারী পোস্টমাস্টার জেনারেল কাম পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, মৌলভীবাজার জানান অত্র অফিসে স্বল্প সংখ্যক কর্মচারী দ্বারা ডাকসেবা প্রদানে নিরলস প্রচেষ্টা অব্যাহত আছে। অত্র দপ্তরের দৈনন্দিন সিডিউল অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নাগরিক সেবার মান বৃদ্ধি করতে হবে। | সহকারী পোস্টমাস্টার জেনারেল কাম পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর মৌলভীবাজার |
| ৫৭ | **জেলা সঞ্চয় ব্যুরো, মৌলভীবাজার :**<br>জেলা সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মৌলভীবাজার জানান জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে জেলার বিশেষ জনগোষ্ঠীকে আর্থিক ও সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় আনয়নে জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মৌলভীবাজার এর সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। তাছাড়া সঞ্চয় স্কিমের বিপরীতে জুলাই, ২০২৬ মাসে মোট বিক্রয় পরিমাণ (কোটি টাকায়): পরিবার সঞ্চয়পত্র ০০.৪৪০০, ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র ০০.৬৪০০, পেনশনার সঞ্চয়পত্র ০০.১১০০, ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র ০০.০৫৫০। | জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে বিনিয়োগের লক্ষ্যমাত্রা অর্জনে জেলা ও উপজেলা পর্যায়ে লিফলেট বিতরণ, প্রচার-প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জেলা সঞ্চয় অফিসার, মৌলভীবাজার |
| ৫৮ | **ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, মৌলভীবাজার :**<br>ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৌলভীবাজার সভায় জানান এ বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৌলভীবাজার এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৌলভীবাজার |
| ৫৯ | **জেলা রেজিস্ট্রার, মৌলভীবাজার :**<br>জেলা রেজিস্ট্রার, মৌলভীবাজার সভায় জানান জেলার ৭টি সাব-রেজিস্ট্রি অফিসে মোট ২৬৬২টি দলিল রেজিস্ট্রি হয়েছে, সরবরাহকৃত নকল সংখ্যা ৩৮২৮ খানা, আদায়কৃত স্থানীয় সরকার কর ৪২১৪৬০৭০.০০ টাকা, আদায়কৃত রাজস্ব ১২৪৮৬০৬৮৪.০০ টাকা। আদায়কৃত রাজস্ব এর জমাদান নিশ্চিত করা হয়েছে এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে প্রেরিত হিসাব বিবরণী মোতাবেক জমাকৃত টাকা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | সাধারণ মানুষকে দলিলের সার্টিফাইট কপি বা নকল সরবরাহ ও তথ্য প্রদানে সহায়তা প্রদান নিশ্চিত করতে হবে। | জেলা রেজিস্ট্রার, মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| | **জেলা নির্বাচন অফিস, মৌলভীবাজার :** | | |
| ৬০ | জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার জানান এ কার্যালয়ের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্থানীয় সরকার নির্বাচনের প্রস্তুতি যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার |
| | **আঞ্চলিক পাসপোর্ট অফিস, মৌলভীবাজার :** | | |
| ৬১ | সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, মৌলভীবাজার জানান জুলাই, ২০২৬ মাসে ই-পাসপোর্টের আবেদন জমা হয়েছে ৪২৯৪টি; পাসপোর্ট বিতরণ করা হয়েছে ৪১২২টি ও অবিলিকৃত পাসপোর্ট রয়েছে ১৫৭১টি। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নাগরিক সেবার মান বৃদ্ধিতে নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, মৌলভীবাজার |
| | **বিআরটিএ, মৌলভীবাজার :** | | |
| ৬২ | সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, মৌলভীবাজার এর প্রতিনিধি সহকারী মোটরযান পরিদর্শক জানান মোটরযান কার্যক্রম নিয়ন্ত্রণ, পারমিট প্রদান, ড্রাইভিং লাইসেন্স, ফিটনেস সার্টিফিকেট, রেজিস্ট্রেশন সার্টিফিকেট ও প্রশিক্ষক লাইসেন্স প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ১০টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৫২,২০০/-টাকা জরিমানা আদায় করা হয়েছে। স্কুল/কলেজের শিক্ষার্থীদের সড়ক নিরাপত্তা বিষয়ে ০১টি গণসচেতনতামূলক সভার আয়োজন করা হয়েছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ফিটনেসবিহীন গাড়ি চলাচল নিয়ন্ত্রণে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, মৌলভীবাজার |
| | **বিটিসিএল, মৌলভীবাজার :** | | |
| ৬৩ | উপ-মহাব্যবস্থাপক, বিটিসিএল, মৌলভীবাজার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি। | উপ-মহাব্যবস্থাপক, বিটিসিএল, মৌলভীবাজার-কে নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-মহাব্যবস্থাপক, বিটিসিএল, মৌলভীবাজার |
| | **জালালাবাদ গ্যাস, মৌলভীবাজার :** | | |
| ৬৪ | উপ-মহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, আরডিডি, মৌলভীবাজার জানান সরকারী প্রতিষ্ঠানসমূহে জুলাই, ২০২৬ পর্যন্ত বকেয়া গ্যাস বিলের পরিমাণ ৪৪,৪৮,৬৩১/-(চুয়াল্লিশ লক্ষ আটচল্লিশ হাজার ছয়শত একত্রিশ) টাকা। যার মধ্যে মৌলভীবাজার থানা, পুলিশ লাইন, মৌলভীবাজার, শ্রীমঙ্গল, কমলগঞ্জ, কুলাউড়া, জুড়ি ও বড়লেখা থানায় ৩২,৪৫,৬৪৯/-টাকা এবং শ্রীমঙ্গল রেলওয়ে থানায় ৪৭,৬৩৯/-টাকা ও বাংলাদেশ রেলওয়ে, শ্রীমঙ্গলে ১০,৬৬, ১২৭/-টাকা। তাছাড়া শ্রীমঙ্গল সদর হাসপাতাল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুলাউড়া ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বড়লেখায় ৮৯,২১৬/-টাকা বকেয়া রয়েছে। সরকারী রাজস্ব আদায়ের স্বার্থে স্থানীয় প্রশাসনকে সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান। | সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে দ্রুত বকেয়া গ্যাস বিল পরিশোধের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) সংশ্লিষ্ট দপ্তর প্রধান, মৌলভীবাজার<br>২) উপ-মহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস টি এন্ড ডি সিস্টেম লিঃ, |
| | **বিসিক, মৌলভীবাজার :** | | |
| ৬৫ | উপব্যবস্থাপক, বিসিক জেলা কার্যালয়, মৌলভীবাজার জানান দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপ-ব্যবস্থাপক, বিসিক, মৌলভীবাজার |
| | **জেলা শিশু বিষয়ক কর্মকর্তার কার্যালয়, মৌলভীবাজার :** | | |
| ৬৬ | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার জানান সাংস্কৃতিক প্রশিক্ষণ, শিশু বিকাশ ও প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রমসহ সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জেলা শিশু একাডেমির সার্বিক কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| | **জেলা শিল্পকলা একাডেমি, মৌলভীবাজার :** | | |
| ৬৭ | জেলা কালচারাল অফিসার, মৌলভীবাজার এর প্রতিনিধি জানান জেলা শিল্পকলা একাডেমির সামগ্রিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত আছে। নজরুল বর্ষ উদযাপনে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান চলমান আছে। | নজরুল বর্ষ যথাযথ মর্যাদায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতার মাধ্যমে উদ্‌যাপন অব্যাহত রাখতে হবে। | কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, মৌলভীবাজার |
| | **জেলা ক্রীড়া অফিস, মৌলভীবাজার :** | | |
| ৬৮ | জেলা ক্রীড়া অফিসার, মৌলভীবাজার সভায় জানান ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৬-২০২৭ অর্থবছরের নির্দেশিকা ও বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জেলা ক্রীড়া অফিস কর্তৃক ক্রীড়া কর্মসূচি বাস্তবায়ন করা হবে। নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭ (সিজন-২) অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নতুন কুঁড়ি স্পোর্টস সিজন-২ এর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে এবং রেজিস্ট্রেশন বাড়াতে হবে। | ১. প্রশাসক মৌলভীবাজার পৌরসভা<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩. জেলা ক্রীড়া অফিসার |
| | **জেলা ত্রাণ ও পুনর্বাসন বিভাগ, মৌলভীবাজার :** | | |
| ৬৯ | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মৌলভীবাজার জানান ২০২৫-২০২৬ অর্থবছরে টিআর ও কাবিখা-কাবিটা কর্মসূচির আওতায় সাধারণ ও বিশেষ (সকল) পর্যায়ের প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম ১০০% সমাপ্ত হয়েছে। মানবিক সহায়তা কর্মসূচির আওতায় জিআর (চাল) ও জিআর (ক্যাশ) বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত এ জেলায় জিআর (প্রাকৃতিক দুর্যোগ) খাতে ৬০.০০০ মে: টন, জিআর (ক্যাশ) খাতে মজুদ রয়েছে ২,৫০,০০০/-টাকা। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২৫-২০২৬ অর্থবছরে টি আর ও কাবিখা-কাবিটা কর্মসূচির আওতায় সাধারণ ও বিশেষ (সকল) প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে। | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মৌলভীবাজার। |
| | **জেলা মহিলা বিষয়ক কার্যালয়, মৌলভীবাজার :** | | |
| ৭০ | উপপরিচালক (অতি: দায়িত্ব), মহিলা বিষয়ক অধিদপ্তর, মৌলভীবাজার জানান সামাজিক নিরাপত্তা বেষ্টনীমূলক কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ চক্রের ভিডাব্লিউবি কর্মসূচীর আওতায় জুন, ২০২৬ মাসে সকল উপজেলায় খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। উপকারভোগীদের সামাজিক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদানের জন্য এনজিও নিয়োগ দেয়া হয়েছে। মৌলভীবাজার সদর ও জুড়ী উপজেলার পুষ্টি চাল প্রদান কার্যক্রম চলমান আছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় জুন, ২০২৬ মাসের উপকারভোগী নির্বাচন সম্পন্ন হয়েছে। মন্ত্রণালয় হতে পরবর্তী নির্দেশনা না আসা পর্যন্ত উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া বন্ধ রয়েছে। জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় জুলাই, ২০২৬ হতে সেপ্টেম্বর, ২০২৬ ১ম সেশনের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | মহিলাদের দক্ষতা ভিত্তিক যুগোপোযোগী প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে। | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কার্যালয়, মৌলভীবাজার |
| | **জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, মৌলভীবাজার :** | | |
| ৭১ | সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, মৌলভীবাজার জানান বিদেশগামী কর্মীদের OEP প্যানেলে পুরুষ ও মহিলা নাম নিবন্ধন ও ফিঙ্গার প্রিন্ট নেয়া হয়। তাছাড়া সচেতনতামূলক কার্যক্রমের আওতায় প্রিন্ট মিডিয়া ও সামাজিক যোগাযোগ মাধ্যমে নিয়মিত প্রচার-প্রচারণা এবং লিফলেট বিতরণ অব্যাহত রয়েছে। | বিদেশগামী কর্মীদের নাগরিক সেবার মান বৃদ্ধি করতে হবে। | সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, |
| | **বাংলাদেশ চা বাগান শ্রমিক ভবিষ্য তহবিল, শ্রীমঙ্গল, মৌলভীবাজার :** | | |
| ৭২ | নিয়ন্ত্রক, বাংলাদেশ চা বাগান শ্রমিক ভবিষ্য তহবিল শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়ন্ত্রক, বাংলাদেশ চা বাগান শ্রমিক ভবিষ্য তহবিল শ্রীমঙ্গল, মৌলভীবাজার-কে নিয়মিত সভায় উপস্থিত থাকতে বলা হলো। | নিয়ন্ত্রক, বাংলাদেশ চা বাগান শ্রমিক ভবিষ্য তহবিল শ্রীমঙ্গল, মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| | **বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার :** | | |
| ৭৩ | উপপরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর প্রতিনিধি সহকারী পরিচালক জানান এ কার্যালয়ের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| | **কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার :** | | |
| ৭৪ | উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর প্রতিনিধি সহকারী মহাপরিদর্শক জানান এ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কলকারখানা সমূহের নিরাপত্তা ও কর্মপরিকল্পনা নিশ্চিত করতে হবে। | উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রীমঙ্গল মৌলভীবাজার। |
| | **জেলা সরকারি গণগ্রন্থাগার, মৌলভীবাজার :** | | |
| ৭৫ | লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, মৌলভীবাজার জানান জুলাই, ২০২৬ জুলাই গণঅভ্যুত্থান-২০২৬ উদ্‌যাপন উপলক্ষে রচনা, চিত্রাঙ্কন ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন, নজরুল বর্ষ ২০২৬-২০২৭ পালনের লক্ষ্যে নজরুলের জীবন ও কর্ম নিয়ে আলোচনা সভা এবং সরকার ঘোষিত ১৮০ দিনের কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত মৌলভীবাজার পর্যটন শিল্পের উপর জ্ঞানভিত্তিক তথ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। তাছাড়া পাঠক সেবা, পুস্তকধার সেবা, রেফারেন্স সেবা, ফ্রি ইন্টাররেনেট সেবা, পুরাতন পত্রিকা ও সাময়িকী সেবাসহ বিভিন্ন ধরনের সেবাসমূহ অফিস সময়সূচির মধ্যে এবং যথাযথ নিয়ম অনুসরণ করে উক্ত সেবাসমূহ নিয়মিতভাবে প্রদান করা হচ্ছে। | লাইব্রেরিতে পাঠক সংখ্যা বাড়াতে পাঠচক্রের আয়োজন করতে হবে। | লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, মৌলভীবাজার |
| | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মৌলভীবাজার :** | | |
| ৭৬ | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মৌলভীবাজার এর প্রতিনিধি জানান সরকারি দপ্তর/সংস্থার ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে জেলা আইসিটি অফিস, মৌলভীবাজার প্রয়োজনীয় টেকনিক্যাল সাপোর্ট প্রদান অব্যাহত রয়েছে। তাছাড়া সকল দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। | সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নিশ্চিত করতে হবে। | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার |
| | **ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, মৌলভীবাজার :** | | |
| ৭৭ | আঞ্চলিক ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, মৌলভীবাজার সভায় জানান মৌলভীবাজার জেলায় ৬টি উপজেলায় কার্যক্রম চলমান রয়েছে। জুলাই, ২০২৬ মাসে ৬টি উপজেলায় সুফলভোগী সদস্যদের মাঝে ৯৪ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয় এবং ঋণ আদায় করা হয় ১১২.০৫ লক্ষ টাকা। | উৎপাদনমুখী কার্যক্রম ও আত্মকর্মসংস্থানের জন্য জামানতবিহীন ক্ষুদ্র ঋণ এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদান অব্যাহত রাখতে হবে। | আঞ্চলিক ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, আঞ্চলিক কার্যালয় |
| | **বিবিধ :** | | |
| ৭৮ | সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের জরুরি নির্দেশনাসমূহ দাপ্তরিক শৃঙ্খলা ও সময়ানুবর্তিতা, জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয় (মিতব্যয়িতা), দাপ্তরিক যোগাযোগ ও লোগো ব্যবহার এবং অফিস পরিস্কার-পরিচ্ছন্নতা ও দপ্তর প্রধানগণ কর্তৃক নিজ অফিস তদারকি এবং সরকারি দপ্তরগুলোতে সৌরবিদ্যুতের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ডেঙ্গু প্রতিরোধে সকল দপ্তর প্রধানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উদ্যোগ নিতে হবে এবং স্ব-স্ব প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা ও উন্নয়নমূলক কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য প্রত্যেক দপ্তর প্রধানকে বলা হয়। তাছাড়া জেলা উন্নয়ন সমন্বয় মিটিংয়ের স্ব-স্ব দপ্তরের কার্যপত্র যথাসময়ে এ কার্যালয়ে পাওয়া যাচ্ছে না। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের জরুরি নির্দেশনাসমূহ যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>২. ডেঙ্গু প্রতিরোধে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>৩. প্রত্যেক দপ্তর প্রধান একে অপরের সাথে সমন্বয়/ | ১. সকল দপ্তর প্রধান, মৌলভীবাজার<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | | সহযোগিতার মাধ্যমে প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা ও উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করতে হবে।<br>৪. জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানিয়ে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৬.০৮.২৬

(তৌহিদুজ্জামান পাভেল)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, মৌলভীবাজার
☏ ০২৪১১১০৪০২
dcmoulvibazar@mopa.gov.bd

তারিখ ০১ ভাদ্র ১৪৩৩ / ১৬ আগস্ট ২০২৬

স্মারক নম্বর-০৫.৪৬.৫৮০০.০০০.০০৫.০৫.০০০২.২৪. ২৬৮

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ভূমি মন্ত্রণালয়।
৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/সেতু বিভাগ/বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/কৃষি মন্ত্রণালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/খাদ্য মন্ত্রণালয়/গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/পানিসম্পদ মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/সমাজকল্যাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/ শিল্প মন্ত্রণালয়/ধর্ম মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬. বিভাগীয় কমিশনার, সিলেট।
৭. উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
৮. জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সকল সদস্য, মৌলভীবাজার---------------------------------------- তাঁর দপ্তর/বিভাগের বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহের উপর কার্যক্রম গ্রহণ করে আগামী সভার পূর্বে সাধারণ শাখায় অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৯. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মৌলভীবাজার।
১০. সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৬.০৮.২৬

(তানভীর হোসেন)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
সদস্য সচিব
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
☏ ০২৪১১১০৩৮৭
adcgmoulvibazar@mopa.gov.bd